মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২২/০৩/২০২১ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে নারী ও শিশুদের জন্য বিনোদন কেন্দ্র নির্মাণ প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুবু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০২/২০২১ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে নারী ও শিশুদের জন্য বিনোদন কেন্দ্র নির্মাণ প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভায় বিনোদন কেন্দ্র হিসেবে একটি পার্কের আবেদন দির্ঘ দিন ধরে করা হচ্ছে। কিন্তু এ ব্যাপারে কোন বাস্তব পদক্ষেপ গ্রহণ করা হয়নি। বর্তমানে মেহেরপুরের নারী শিশু তথা সকল স্তরের জনগণের জন্য একটি বিনোদন কেন্দ্র খুবই জরুরী হয়ে পড়েছে। তিনি বলেন একটি বিনোদন কেন্দ্রের অভাবে মেহেরপুরের জনগণ অবসর সময় কাটাতে বিভিন্ন চায়ের দোকন বা অসৎসঙ্গ বেছে নিচ্ছে। এতে করে যুব সমাজ ধ্বংসের দিকে চলে যাচ্ছে। তিনি মেয়র মহোদয়ের নিকট একটি বিনোদন কেন্দ্রের নির্মানের ব্যবস্থা করা জন্য জোর দাবি করেন। মেয়র মহোদয় সভায় বলেন, মেহেরপুর পৌরসভার ঐতিহ্যবাহী গড় পুকুরকে ঘিরে একটি আধুনিক বিনোদনকেন্দ্র নির্মানের যাবতীয় প্রস্তুতি ইতিমধ্যে শেষ হয়েছে। আগামী ১ সপ্তাহের মধ্যে এই কাজ উদ্ভোধন করা হবে ইনশায়াল্লাহ। উদ্ভোধনের এক বছরের মধ্যে এই কাজ	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	শেষ করা হবে। এখানে বিনোদনের মোটামুটি একটি ব্যবস্থা থাকবে। কফিসপ, গড়ের চারপাশে ওয়াকওয়ে, পানির ফোয়ারা, পানির মধ্যে ভ্রমনের জন্য প্যাডেল বোটসহ আরোও অনেক কিছু। এছাড়া মেহেরপুর বাসির অবেদনের প্রেক্ষিতে পরবর্তীতে আরোও অধুনিক করা হবে। তিনি মেহেরপুরবাসীকে এই স্থাপনা নির্মাণে সহযোগিতার করা জন্য আহবান জানান।	
বিবিধ	এই কমিটির সদস্য জনাবা মোছাঃ শিউলী খাতুন, কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড (সংরক্ষিত) সভায় বলেন, বাংলদেশে করোনা ভাইরাসের দ্বিতীয় ঢেউ শুরু হয়েছে। গত বছর এই সময় পৌরসভা ও মেয়র মহোদয়ের ব্যাক্তিগত ফান্ড হতে নারী ও শিশুদের জন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল। বর্তমান পরিস্থিতিতে এমন কোন পরিকল্পনা আছে কিনা? মেয়র মহোদয় সভায় বলেন, করোনা মহামারীর কারণে মেহেরপুর পৌরসভা বরাবর দুস্থ নারীদের সহায়তা করে আসছে। বর্তমান পরিস্থিতিতে যদি মানুষের জীবিকার সমস্যা হয় তাহলে অবশ্যই পৌরসভা হতে পূর্বের ন্যায় আর্থিক/ খাদ্য সহায়তা বা অন্যান্য সহযোগিতা করা হবে। এছাড়া স্বাস্থ্য সচেতনতার বিষয়ে প্রতিদিন প্রচার প্রচারণা অব্যহত আছে এবং থাকবে। তিনি আরোও বলেন, শুধু মাত্র পৌরসভার দিকে তাকিয়ে থাকলে হবেনা, সমাজের অনেক বিত্তবান মানুষ আছে তাদের কেউ এই দুর্যোগের সময় এগিয়ে আসতে হবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।	পৌর পরিষদ

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

হামিদা

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।
২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২২/০৩/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	শিউলী
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	22.03.21
৮			
৯			